



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 27/12/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির অঞ্চলগুলোর মানুষদের আর্থিক অনুদান প্রদান করার জন্য অতিরিক্ত পদক্ষেপের কথা ঘোষণা করেন

আর্থিক পরিষেবা দপ্তর (Department of Financial Services) গ্রাহক ও গ্রাহক নন এমন ব্যক্তিদের ATM মূল্য মওকুফ করার জন্য [ব্যাকিং প্রতিষ্ঠানগুলোকে আবেদন করেছে](#)

নিউ ইয়র্কবাসীদেরকে বিমা সংক্রান্ত প্রশ্নের জন্য DFS-এর ডিজাস্টার হটলাইনে (800) 339-1759 নম্বরে ফোন করার জন্য উৎসাহিত করা হচ্ছে

**ঐতিহাসিক ঝড়টি চলাকালীন এবং তারপরে বেড়ে চলা দাম সম্বন্ধে গভর্নর নিউ ইয়র্কবাসীদের সতর্ক করেছেন**

গভর্নর ক্যাথি হোকল আজ ওয়েস্টার্ন এবং নর্থ কান্ট্রির অঞ্চলগুলোয় থাকা নিউ ইয়র্কবাসীদের এই উইকেন্ডের ঐতিহাসিক শীতের ঝড় পরবর্তী আর্থিক ত্রাণ দেওয়ার জন্য অতিরিক্ত পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন, যা স্টেটব্যাপী বিপর্যয় সৃষ্টিকারী ঐতিহাসিক শীতকালীন ঝড়ের মুখোমুখি হওয়ার জন্য স্টেটের চলমান এবং সর্বাঙ্গীণ প্রচেষ্টারই অংশ। নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা দপ্তর (Department of Financial Services) ভ্রমণ পরিস্থিতি বিপজ্জনক থাকাকালীন অবস্থায় কাছাকাছি গ্রাহকদের এবং গ্রাহক নন এমন ব্যক্তিদের ফী-মুক্ত পরিষেবা দেওয়ার জন্য সেই এলাকাগুলোয় কার্যকর স্টেট-সনদ প্রাপ্ত ব্যাকিং প্রতিষ্ঠা, ফেডারেলভাবে-সনদ প্রাপ্ত ব্যাংক এবং ক্রেডিট ইউনিয়নগুলোকে [আবেদন করেছে](#)।

গ্রাহকদের প্রতিষ্ঠানটির সাথে কোনও সম্পর্ক না থাকলেও আবশ্যিক ব্যাকিং পরিষেবা অ্যাক্সেসে তাদের অনুমতি দিলে তা ভ্রমণের প্রয়োজনীয়তা সীমিত করবে, পাশাপাশি নিশ্চিত করবে যে ঝড়ের কবলে পড়া নিউ ইয়র্কবাসীরা সংকটকালীন আর্থিক পরিষেবা (critical financial services) অ্যাক্সেস করতে পারেন। এই ধরনের ত্রাণের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ATM ফি মওকুফ, ATM নগদ তোলা সীমা বাড়ানো বা গ্রাহক নন এমন ব্যক্তিদের চেক নগদীকরণ করানোর সীমা তুলে নেওয়া।

"আমরা আমাদের নিয়ন্ত্রণে থাকা সমস্ত টুল ব্যবহার করছি নিউ ইয়র্কবাসী, বাড়ির মালিক এবং ক্ষুদ্র ব্যবসায়ীগুলোকে দেওয়ার জন্য – যারা আমাদের অর্থনীতির শিডদাঁড়া- এই ঐতিহাসিক শীতকালীন ঝড়ে ত্রাণ দিয়ে আর মানুষকে বাড়িতে থাকার জন্য উৎসাহিত করছি," বলেন গভর্নর

**হোকল।** "এই ঝড়টা শেষ হওয়ার জন্য অপেক্ষা করার সময়, এই নতুন নির্দেশিকা নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কবাসীরা এই বিপজ্জনক পরিস্থিতিতে কোনও যাতায়াত না করে নিরাপদে আর্থিক পরিষেবাগুলো অ্যাক্সেস করতে পারে। আমার প্রশাসন এই ভয়াবহ ঝড়ের প্রভাবে ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্কবাসীদের আর্থিক বোঝা কমানোর জন্য ক্রমাগত পদক্ষেপ নিয়ে যাবে।"

শীতকালীন ঝড়ের পরিপ্রেক্ষিতে বিমার দাবিগুলোর প্রক্রিয়া ত্বরান্বিত করার ব্যাপারে, আর্থিক পরিষেবা দপ্তর (Department of Financial Services) স্টেটের বাইরের যোগ্য স্বতন্ত্র বিমা সমন্বয়কারীদের সাময়িক সমন্বয়কারী পারমিট ইস্যু করছে। পারমিট প্রদান ত্বরান্বিত করা দাবিগুলো প্রক্রিয়া করার জন্য লভ্য সমন্বয়কারীর সংখ্যা বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্কবাসীদেরকে তাদের দাবিগুলোর অর্থ দ্রুততর সময়ে পেতে সাহায্য করবে। বিমাকারীদেরকে DFS-এর [ওয়েবসাইটে](#) যেকোনও প্রয়োজনীয় আবেদন জমা দেওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে।

শীতকালীন ঝড়ের তীব্রতা এবং বাড়ির মালিক ও ক্ষুদ্র ব্যবসায়ীদের ক্ষয়ক্ষতির ব্যাপ্তির কারণে, বিমা ইন্ডাস্ট্রির ন্যায্যতার সঙ্গে ও দ্রুত গতিতে সমস্ত দাবি নিষ্পত্তি করা এবং তার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ সরবরাহ করা বাধ্যতামূলক।

**নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা সুপারিনটেনডেন্ট অ্যাড্রিয়েন এ. হ্যারিস বলেন,** "এই নজিরবিহীন ঝড় চলাকালীন, ক্ষতিগ্রস্ত আবাসিকদের এবং ব্যবসায়ীদের কাছে নিরাপদ আর্থিক পরিষেবার অ্যাক্সেস বাড়াতে DFS পদক্ষেপ নিয়েছে। আমরা পরিস্থিতিটি পর্যবেক্ষণ করে যাব এবং এই কঠিন পরিস্থিতিতে কমিউনিটিগুলোকে সমর্থনের জন্য নিয়ন্ত্রণাধীন সংস্থা, সমকক্ষ স্টেট এজেন্সি এবং স্থানীয় অংশীদারদের কাছাকাছি থেকে কাজ করব।"

**নিউ ইয়র্ক সেক্রেটারি অব স্টেট রবার্ট জে রডরিগজ বলেন,** "এটা অযৌক্তিক, না বললেই নয় বেআইনি, একটা বিপর্যয়মূলক শীতকালীন ঝড়ের আঘাতে ক্ষতিগ্রস্ত হওয়ার পরে ব্যবসায়ীদের দামের প্রতারণা করে নিজের গ্রাহকদের থেকে সুযোগ নেওয়া এবং নিদারুণভাবে পূর্ববস্থায় ফিরে আসার চেষ্টা করা। উপভোক্তাদের নিজেদের থেকে এসব করতে হবে না, এরজন্য উপভোক্তা সুরক্ষা বিভাগ (Division of Consumer Protection) আছে যারা উপভোক্তাদের অভিযোগ দাখিল করার জন্য উৎসাহিত করছে যাতে আমরা একসাথে এই বেআইনি কার্যকলাপের বিরুদ্ধে লড়াই করতে পারি।"

উপরন্তু, গভর্নর হোকল ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির নিউ ইয়র্কবাসীদের দামের প্রতারণা সম্বন্ধে সতর্ক থাকার এবং রিপোর্ট করার জন্য সতর্ক করেছেন। দামের প্রতারণা হয় যখন একটি ব্যবসা কোনও আপেক্ষিক পরিস্থিতি ঘোষণা চলাকালীন উপভোক্তাদের সুযোগ নেয় এবং ক্ষতিগ্রস্ত এলাকায় অত্যাবশ্যিক সামগ্রী এবং পরিষেবাগুলো অতিরিক্ত মূল্যে বিক্রি করে। প্রাথমিকভাবে ব্যক্তিগত, পারিবারিক বা গৃহস্থালী উদ্দেশ্যে ব্যবহার করা হয় এমন কোনও ভোগ্যপণ্য বা পরিষেবা কোনও নিউ ইয়র্কবাসী অতিরিক্ত মূল্যে বিক্রি হতে দেখলে, তাঁর সেই বিষয়ে একটি অভিযোগ [স্টেট দপ্তর \(Department of State\)](#) -এর ওয়েবসাইটে নিউ ইয়র্ক স্টেটের উপভোক্তা সুরক্ষা বিভাগে দাখিল করা উচিত। উপভোক্তারা যেকোনও প্রশ্ন বা অতিরিক্ত সহায়তার জন্য [1-800-697-1220](#) নম্বরে উপভোক্তার হেল্পলাইনে ফোন করতে পারেন।

## "অযৌক্তিকভাবে অতিরিক্ত মূল্য"

যেখানে আইনে স্পষ্টত বলা আছে যে একটি "অযৌক্তিকভাবে অতিরিক্ত মূল্য" আদালতের সিদ্ধান্তের জন্য আইনের প্রশ্ন সাপেক্ষ, সেক্ষেত্রে কোনও দাম "অযৌক্তিকভাবে অতিরিক্ত" বলে মনে হতে পারে যদি:

1. কোনও চরম আবহাওয়া বা জনস্বাস্থ্য জনিত ঘটনা চলাকালীন বিক্রেতা দ্বারা ধার্য করা দামটি সেই একই বিক্রেতার দ্বারা সেই চরম পরিস্থিতির শুরুর **অবিলম্ব আগে ধার্য করা দামের তুলনায় মোটামুটিভাবে বেশি** অথবা
2. চরম আবহাওয়া বা জনস্বাস্থ্য জনিত পরিস্থিতি চলাকালীন ধার্য করা দামটি অন্যান্য উপভোক্তাদের দ্বারা **ক্ষতিগ্রস্ত এলাকাটিতে সহজেই অর্জনযোগ্য একই বা অনুরূপ পণ্য বা পরিষেবার দাম মোটামুটিভাবে ছাড়িয়ে যায়**

## দাম প্রতারণার উদাহরণ

**A:** গভর্নরের ঘোষিত একটি আপৎকালীন পরিস্থিতি চলাকালীন ঘোষিত এলাকার হোটেলগুলোয় সাধারণত বসন্তকালে একরাতে জন 79-159 ডলারের ঘরের অফার করা হয়। ঝড় হওয়ার পরে, হোটেল X, যা স্বাভাবিক অবস্থায় ঘরগুলোর জন্য একরাতে 119 ডলার নেয়, তারা এখন একরাতে জন তা বাড়িয়ে একরাতে জন 229 ডলার করেছে। গুরুতর পরিস্থিতিগুলোর মধ্যে দামে প্রায় 90 শতাংশ বৃদ্ধির করলে হোটেল X এর কাছে মারাত্মক লাভের সুযোগ থাকে।

**B:** স্থানীয় হার্ডওয়্যারের দোকানটি ঝড়ের আগে 25 ডলারে 50 পাউন্ডের বালির ব্যাগ বিক্রি করত। গভর্নরের আপৎকালীন পরিস্থিতি কার্যকর হয়। স্থানীয় লেকে জল বাড়তে থাকে, আশেপাশের বাড়িগুলোয় জল ঢুকতে শুরু করে এবং সেই একই বালির ব্যাগের দাম বাড়িয়ে দেওয়ায় একব্যাগ বালি বিক্রি করেছে 50 ডলারে, দ্বিগুণ দাম। 10 মাইল দূরে বিগ বক্স স্টোর বালির ব্যাগের দাম একই রেখেছে, ওই 25 ডলার। হোটেল X এবং স্থানীয় হার্ডওয়্যার স্টোর দাম প্রতারণার সাথে জড়িত বলে মনে হয়।

## দাম প্রতারণা নিয়ে উপভোক্তার প্রতিক্রিয়া

আপনি যদি কোনও গভর্নর ঘোষিত আপৎকালীন পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটির মধ্যে থাকেন এবং দাম প্রতারণা দেখেন বা ব্যক্তিগতভাবে সম্মুখীন হন, তাহলে আমাদের দপ্তর আপনাকে একটি অভিযোগ দাখিল করে রিপোর্ট করার জন্য উৎসাহিত করেছে। রিপোর্ট করার সময়, ব্যবসায়ীর অবস্থান এবং রসিদ বা ছবির মতো অতিরিক্ত মূল্যের(মূল্যগুলির) যেকোনও উপলভ্য প্রমাণ অন্তর্ভুক্ত করতে অভিযোগকারী দাম প্রতারণার বিস্তারিত দিতে প্রস্তুত থাকুন। দপ্তরের উপভোক্তা সহায়ক ইউনিট (Consumer Assistance Unit) অভিযোগটি পর্যালোচনা করবে এবং উপযুক্ত হল উপভোক্তার তরফ থেকে স্বেচ্ছায় মধ্যস্থতার চেষ্টা করবে অথবা শাস্তিমূলক ব্যবস্থা নিতে অভিযোগটি অ্যাটর্নি জেনারেলের অফিসে রেফার করবে। যেকোনও পরিস্থিতিতেই, দপ্তর উপভোক্তাকে তাদের তরফ থেকে গ্রহণ করা সমস্ত পদক্ষেপ সম্বন্ধে জানাবে।

আবাসিকরা প্রতিদিন সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত আর্থিক পরিষেবা দপ্তরের ডিজাস্টার হটলাইনের 800-339-1759 নম্বরে ফোন করে এবং দপ্তরের [www.dfs.ny.gov](http://www.dfs.ny.gov) ওয়েবসাইট অ্যাক্সেস করে ক্ষয়ক্ষতির জন্য পলিসি কভারেজ সম্পর্কে বিমা সংক্রান্ত তথ্য সহ আর্থিক পরিষেবার বিভিন্ন প্রশ্নের সহায়তা পেতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418